

জাতীয়

## পরিচ্ছন্ন ঢাকা গড়তে মেয়র আনিসুল হকের সমাবেশ

প্রকাশিত : ০৫ :৩৯, ১২ সেপ্টেম্বর ২০১৫

পরিচ্ছন্ন ঢাকা গড়তে মেয়র আনিসুল হকের সমাবেশ

স্টাফ রিপোর্টার ॥ ঢাকাকে আমরা সবুজ ঢাকা বানাব। তবে তা আমাদের একার পক্ষে সম্ভব নয় সবাই মিলে কাজ করলেই আমরা তা করতে পারব। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের পরিচ্ছন্নতা সমাবেশে এই কথা বলেন উত্তরের মেয়র আনিসুল হক। সে সময় সমাবেশে পরিচ্ছন্নতা অভিযান চালানোর লক্ষ্যে হাজারো মানুষের উপস্থিতি ছিল। শুক্রবার বিকেলে রাজধানীর মিরপুর ১০ নম্বরে অঞ্চল-৪-এ এই সমাবেশ অনুষ্ঠিত হয়। বৃষ্টি উপেক্ষা করে সমাবেশে প্রায় ৫ হাজার মানুষ উপস্থিত হন। সেখানে পরিচ্ছন্ন কর্মীর পাশাপাশি উপস্থিত ছিলেন সংসদ সদস্য ও কাউন্সিলররা। এই সমাবেশের উদ্দেশ্য ছিল মেয়রকে সঙ্গে নিয়ে সবাই মিলে পরিচ্ছন্ন অভিযান চালানো। তবে বৃষ্টির কারণে তা সম্ভব হয়নি। তবে পরিচ্ছন্ন অভিযান চালানো সম্ভব না হলেও সমাবেশে মেয়র আনিসুল হক সকল পরিচ্ছন্ন কর্মীকে নিয়ে প্রতিজ্ঞা করেন ঢাকাকে তারা পরিচ্ছন্ন নগরী হিসেবে গড়ে তুলবেন। সে সময় সবাই হাত উঠিয়ে প্রতিজ্ঞা করেন ঢাকাকে সুন্দর, পরিষ্কার ও সবুজ নগরী হিসেবে গড়ে তুলবেন। সমাবেশে আনিসুল হক আরও বলেন, সামনে কোরবানি ঈদ তখন আমাদের নিজেদের সচেতন হয়ে নির্দিষ্ট জায়গায় কোরবানি দিতে হবে। তাহলে ঢাকা শহর পরিষ্কার পরিচ্ছন্ন থাকবে। তিনি বলেন, ঢাকা শহরে যারা প্রভাবশালী তারা খাল দখল করে বন্ধ করে রাখে, জায়গা দখল করে রাখে এই সব বন্ধ হলেই ঢাকা শহরে আর ঝাড়ু লাগবে না। এ সময় তিনি সবাইকে অনুরোধ করেন নিজেদের এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য। সমাবেশে বিশেষ অতিথির বক্তব্যে ঢাকা ১৬ আসনের সংসদ সদস্য ইলিয়াস উদ্দিন মোল্লা বলেন, আমি মিরপুরকে ঢাকার রাজধানী করতে চাই। তাই পরিষ্কার পরিচ্ছন্নতায় আমি আপনাদের সঙ্গে কাজ করতে এসেছি। তখন তিনি তার এলাকার ভোগান্তির কথা তুলে ধরে বলেন, কালশী রোডে একটু বৃষ্টি হলেই জলাবদ্ধতার সৃষ্টি হয়। এতে দুর্ভোগে পড়ে সাধারণ মানুষ। তিনি তখন মেয়র সাহেবকে অনুরোধ করেন।

এখানে এই খাল করে পানি অপসারণ করলে সাধারণ মানুষ ভোগান্তি থেকে মুক্ত পের। তিনি আরও বলেন, আমার এলাকার উন্নয়নের জন্য আমি সবসময় কাজ করে যাব। যতদিন বাঁচব আমি সবার সঙ্গে থাকব। সমাবেশে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার বিভাগের সচিব আব্দুল মালেক।...